

Daily Current Affairs Bangla: ২৫ এপ্রিল ২০২৬ এর গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স

দৈনিক কারেন্ট অ্যাফেয়ার্সের আজকের পর্বে আমরা এক নজরে চোখ রাখব আন্তর্জাতিক এবং জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ সব ঘটনার ওপর। পরীক্ষার প্রস্তুতির জন্য এই আপডেটগুলো আপনার নিয়মিত সংগ্রহে রাখা জরুরি। আমরা চেষ্টা করেছি তথ্যগুলোকে এমনভাবে সাজাতে, যাতে আপনার পড়তে ও মনে রাখতে সুবিধা হয়।

আন্তর্জাতিক সংবাদ

01 ইউনেস্কো বিশ্ব পুস্তক রাজধানী ২০২৬

ইউনেস্কো ২০২৬ সালের জন্য 'ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল' বা বিশ্ব পুস্তক রাজধানী হিসেবে বেছে নিয়েছে মরক্কোর রাজধানী **রবাত**-কে। গত **২৩ এপ্রিল**, বিশ্ব পুস্তক ও কপিরাইট দিবসে এই ঘোষণাটি আসে। এর মূল উদ্দেশ্য হলো বিশ্বজুড়ে বই পড়ার অভ্যাস এবং প্রকাশনা শিল্পকে চাঙ্গা করা। প্রসঙ্গত, এর আগে ২০২৫ সালে ব্রাজিলের **রিও ডি জেনিরো** এই সম্মান পেয়েছিল।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ইউনেস্কোর সদর দপ্তর: প্যারিস, ফ্রান্স।
- ইউনেস্কোর বর্তমান মহাপরিচালক: অড্রে আজুলে।
- বিশ্ব পুস্তক দিবস: ২৩ এপ্রিল।

02 ৪র্থ ভারত-আফ্রিকা ফোরাম সামিট

নয়া দিল্লিতে আগামী **৩১ মে ২০২৬** তারিখে বসছে ৪র্থ ভারত-আফ্রিকা ফোরাম সামিট। এবারের সম্মেলনের মূল থিম— "ইন্ডিয়া আফ্রিকা স্ট্র্যাটেজিক পার্টনার ফর ইনোভেশন, রেজিলিয়েন্স অ্যান্ড ইনক্লুসিভ ট্রান্সফরমেশন"। ভারত ও ৫০টিরও বেশি আফ্রিকান দেশের মধ্যে কৌশলগত ও বাণিজ্যিক সম্পর্ক আরও জোরালো করতে এই সম্মেলন বিশেষ গুরুত্বপূর্ণ।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- প্রথম ভারত-আফ্রিকা ফোরাম শুরু হয় ২০০৮ সালে।
- এই ইভেন্টের লোগো উন্মোচন করেছেন বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর।

03 টমাস এবং উবার কাপ ২০২৬

গত ২৪ এপ্রিল ২০২৬ থেকে শুরু হয়েছে ব্যাডমিন্টনের মর্যাদাপূর্ণ টমাস কাপ (পুরুষ) এবং উবার কাপ (মহিলা)। বিশ্বের শীর্ষ ১৬টি দল এই লড়াইয়ে অংশ নিচ্ছে। ইতিহাস বলছে, ২০২২ সালে ভারত প্রথমবারের মতো টমাস কাপ জয়ের গৌরব অর্জন করেছিল।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন (BWF) গঠিত হয় ১৯৩৪ সালে।
- বিডব্লিউএফের সদর দপ্তর মালয়েশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত।

04 এনএবি শো ২০২৬ অ্যাওয়ার্ড

লাস ভেগাসে আয়োজিত এনএবি শো ২০২৬-এ ভারতের দুটি প্রতিষ্ঠান বড় সাফল্য পেয়েছে। এইচসিএল টেক তাদের 'ভয়েস ওএস এআই' এবং আমগি কর্পোরেশন তাদের 'আমগি নিউজপালস'-এর জন্য 'প্রোডাক্ট অফ দ্য ইয়ার' পুরস্কার ঘরে তুলেছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- এনএবি (NAB) মানে ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ব্রডকাস্টারস।
- এইচসিএল টেকনোলজিস ভারতের একটি অন্যতম বৃহৎ বহুজাতিক আইটি সংস্থা।

05 বিশ্ব প্যারা অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপ ২০২৭

২০২৭ সালের জুন মাসে উজবেকিস্তানের তাসখন্দে বসবে ১৩তম বিশ্ব প্যারা অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপ। এই প্রথমবার মধ্য এশিয়ায় এমন বড় মাপের কোনো প্যারা-স্পোর্টস আয়োজন করা হচ্ছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- প্যারা-স্পোর্টসের সর্বোচ্চ সংস্থা হলো আন্তর্জাতিক প্যারালিম্পিক কমিটি (IPC)।
- আইপিসি-র সদর দপ্তর জার্মানির বন্ শহরে।

06 বিশ্ব ম্যালেরিয়া দিবস ২০২৬

প্রতি বছর ২৫ এপ্রিল বিশ্বজুড়ে ম্যালেরিয়া দিবস পালন করা হয়। এবারের থিম হলো "ড্রাইভিং টু এন্ড ম্যালেরিয়া নাও, উই ক্যান, নাও উই মাস্ট"। উল্লেখ্য, স্ত্রী অ্যানোফিলিস মশার মাধ্যমেই ম্যালেরিয়া ছড়ায়।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- প্লাজমোডিয়াম পরজীবীর কারণে এই প্রোটোজোয়ান রোগটি হয়।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ২০০৭ সালে এই দিবসটি ঘোষণা করে।

জাতীয় সংবাদ

07 মহারাষ্ট্র স্টেট রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন ব্র্যান্ড অ্যাড্বাসেডর

মহারাষ্ট্র স্টেট রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন (MSRTC)-এর ব্র্যান্ড অ্যাড্বাসেডর হিসেবে আগামী পাঁচ বছরের জন্য চুক্তিবদ্ধ হয়েছেন অভিনেতা **রিতেশ দেশমুখ** ও **জেনেলিয়া দেশমুখ**। বাসগুলোর আইকনিক লাল রঙের জন্য এমএসআরটিসি সাধারণ মানুষের কাছে “লাল পরি” নামে বেশ জনপ্রিয়।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- এমএসআরটিসি প্রতিষ্ঠিত হয় ১৯৪৮ সালে।
- পুনে এবং আহমেদনগরের মধ্যে এদের প্রথম বাস পরিষেবা চালু হয়েছিল।

08 ভারত-শ্রীলঙ্কা ডাইভিং অনুশীলন (DivaEx 2026)

কলম্বোতে চলছে ভারত ও শ্রীলঙ্কার চতুর্থ যৌথ ডাইভিং অনুশীলন ‘ডিভাএক্স ২০২৬’। ২১ এপ্রিল শুরু হওয়া এই মহড়া চলবে ২৭ এপ্রিল পর্যন্ত। এতে ভারতীয় নৌবাহিনীর জাহাজ **আইএনএস নিরিখশাক** সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- আইএনএস নিরিখশাক হলো মূলত ডাইভিং সাপোর্ট এবং সাবমেরিন উদ্ধারে পারদর্শী একটি জাহাজ।

09 চরম তাপপ্রবাহ ও কৃষি রিপোর্ট

এফএও (FAO) এবং বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO) যৌথভাবে ‘এক্সট্রিম হিট অ্যান্ড এগ্রিকালচার’ নামে একটি রিপোর্ট প্রকাশ করেছে। সেখানে ভারতকে সতর্ক করা হয়েছে—বিশেষ করে গঙ্গা ও সিন্ধু অববাহিকায় কৃষিকাজ এখন উচ্চ ঝুঁকিতে রয়েছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- এফএও (FAO)-এর সদর দপ্তর ইতালির রোমে।
- ডব্লিউএমও (WMO) সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

10 জেনারেল উপেন্দ্র দ্বিবেদী ইন্টারন্যাশনাল হল অফ ফেমে

ভারতীয় সেনাপ্রধান **জেনারেল উপেন্দ্র দ্বিবেদী** যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়ার ইউএস আর্মি ওয়ার কলেজের ইন্টারন্যাশনাল হল অফ ফেমে জায়গা করে নিয়েছেন। তৃতীয় ভারতীয় সেনাপ্রধান হিসেবে তিনি এই বিরল সম্মান পেলেন।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- এর আগে ২০১১ সালে জেনারেল ভি.কে. সিং এবং ২০১৩ সালে জেনারেল বিক্রম সিং এই সম্মান পেয়েছিলেন।

দিনের সব তথ্য ভালোভাবে আয়ত্ত করুন। নিজের প্রস্তুতি যাচাই করতে আমাদের অনলাইন কুইজ সেকশনে অবশ্যই অংশ নবেন।

[☐ Take the Interactive Quiz](#)